



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ
BANGLADESH MAHILA PARISHAD
SUFIA KAMAL BHABAN
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com
NGOs in consultative status with the Economic and Social
Council [ECOSOC] of the United Nations

তারিখ: ২০ এপ্রিল ২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকায় ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশার্থে ও সংবাদ প্রচারার্থে

বিষয়ঃ নারী আন্দোলন বিষয়ে কেয়ার বাংলাদেশ এর তরুণ স্বেচ্ছাসেবকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত।

মহোদয়,

আজ ২০ এপ্রিল ২০২২ (বুধবার) সকাল ১১:০০ টায় বাংলাদেশ মহিলা পরিষদ এর উদ্যোগে সংগঠনের আনোয়ারা বেগম মুনিরা খান মিলনায়তনে “নারী আন্দোলন বিষয়ে কেয়ার বাংলাদেশ এর তরুণ স্বেচ্ছাসেবকদের সাথে মতবিনিময় সভা” অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলেম। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ মহিলা পরিষদের সাধারণ সম্পাদক মালেকা বানু; সংগঠন সম্পর্কে আলোচনা করেন যুগ্ম সাধারণ সম্পাদক সীমা মোসলেম এবং কেয়ার বাংলাদেশ এর পক্ষে বক্তব্য রাখেন এ্যাকটিং ডিরেক্টর (উইমেন এন্ড গার্লস এমপাওয়ারমেন্ট) রওনক জাহান। পাশাপাশি মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন কেয়ার বাংলাদেশ এর তরুণ স্বেচ্ছাসেবক সুমাইয়া সিদ্দিকী, খাদিজা আক্তার মুনমুন, পপি আক্তার, শম্পা আক্তার, ফারজানা আক্তার, সুমাইয়া আক্তার, সাদিয়া আক্তার, পলি রানী, অর্পিতা বসুনিয়া, সাবিনা ইয়াসমিন, সামিয়া আজম, মৌসুমী ইয়াসমিন ও রেনেকা আহমেদ অন্ত।

স্বাগত বক্তব্যে সাধারণ সম্পাদক মালেকা বানু বাংলাদেশ মহিলা পরিষদের সাথে কেয়ার বাংলাদেশ এর স্বেচ্ছাসেবীদের সম্পৃক্ততা করার এই উদ্যোগকে স্বাগত জানান। তিনি এসময় নারীর মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত কর্মসূচিতে কেয়ার বাংলাদেশ এর সক্রিয় ভূমিকার কথা তুলে ধরেন।

সংগঠন সম্পর্কে আলোচনা উপস্থাপনকালে যুগ্ম সাধারণ সম্পাদক সীমা মোসলেম বলেন, বাংলাদেশ মহিলা পরিষদ একটি স্বেচ্ছাসেবী গণনারী সংগঠন হিসেবে নারীর মুক্তি ও নারীর মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ৫২ বছর ধরে বহুমাত্রিক পদ্ধতিতে কাজ করছে। এসময় তিনি নারীর মানবাধিকার প্রতিষ্ঠার আন্দোলনকে পরিচালিত করতে সংগঠনের বিভিন্ন উপপরিষদের কাজগুলো সম্পর্কে আলোচনা করেন।

কেয়ার বাংলাদেশ এর পক্ষে বক্তব্য উপস্থাপনকালে এ্যাকটিং ডিরেক্টর (উইমেন এন্ড গার্লস এমপাওয়ারমেন্ট) রওনক জাহান বাল্যবিয়ে প্রতিরোধে ও মেয়েদের প্রতি সমাজের প্রচলিত জেডার বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গি পরিবর্তনে চলমান ‘Tipping Point Initiative’ প্রকল্পের কাজ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করেন। তিনি এসময় বলেন তৃণমূল পর্যায়ে বাল্যবিয়ে প্রতিরোধে কিশোরীরা কাজ করছে। নারী আন্দোলনের সাথে তরুণীদের যোগসূত্রিতা তৈরির জন্য আজকের সভার উদ্যোগ নেয়া হয়েছে, যাতে প্রকল্প শেষ হয়ে গেলেও ভবিষ্যতে বাল্যবিয়ে প্রতিরোধে কার্যক্রম অব্যাহত থাকে।

আলোচকদের বক্তব্য শেষে অনুষ্ঠিত মুক্ত আলোচনায় কেয়ার বাংলাদেশ এর তরুণ স্বেচ্ছাসেবকরা বাল্যবিয়ে ও জেডার বৈষম্য প্রতিরোধে কাজ করার অভিজ্ঞতা, কাজের চ্যালেঞ্জ ও অর্জন সম্পর্কে আলোচনা করেন। তারা বলেন পরিবার ও সমাজে মেয়েদেও প্রতি এখনো অনেক বৈষম্যমূলক পিতৃতান্ত্রিক দৃষ্টিভঙ্গি রয়েছে। আমরা মেয়ে সবসময় কেবল এটিই মনে করানো হয়। মেয়েরদের সুরক্ষার জন্য বিভিন্ন আইন থাকলেও তার প্রয়োগ নেই। অনেক সময় দারিদ্র্যের কারণে ও বিয়ের পরেও পড়ার সুযোগ দেয়ার কথা বলে মেয়েদের বিয়ে দেয়া হচ্ছে। তারা বাল্যবিয়ের প্রতিরোধের ক্ষেত্রে পুলিশের ঘৃষ নিয়ে অসহযোগিতা বন্ধে আইনের মাধ্যমে শাস্তির ব্যবস্থা রাখা, মেয়েদের পড়াশোনা, প্রশিক্ষণ ও সক্রিয়সংস্থানের সুযোগ সৃষ্টি ও ধর্মিকতা বন্ধে উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

সভাপতির বক্তব্যে ডা. ফওজিয়া মোসলেম বলেন, বাংলাদেশ মহিলা পরিষদ আইন সংস্কার, নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের জন্য প্রশিক্ষণ ও কাজের সুযোগ সৃষ্টি, নারী চলাফেরা ও পোশাককে টার্গেট করে তৈরি হওয়া বাধাকে নির্মূলের লক্ষ্যে দীর্ঘদিন ধরে আন্দোলন করছে। এই আন্দোলনের একটা অর্জন হচ্ছে আজ প্রত্যন্ত অঞ্চলের মেয়েরাও ভাবতে শিখেছে তাদের মানুষ হিসেবে বাঁচতে হবে। নারী-পুরুষের সমতা হচ্ছে স্থায়ী উন্নয়নের মূল ভিত্তি একথার সত্যতা আজ দৃশ্যমান। তিনি এসময় সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে তরণদের অভিজ্ঞতাকে নারী আন্দোলনের সাথে যুক্ত করে মুক্তিযুদ্ধের চেতনার আলোকে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

উক্ত মতবিনিময় সভায় বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় ও ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দ, কেয়ার বাংলাদেশ এর প্রতিনিধিবৃন্দ এবং সংগঠনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলাদেশ মহিলা পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. মাসুদা রেহানা বেগম।

আন্তরিক ধন্যবাদসহ-

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ